



সাবেক আইনমন্ত্রী শফিক আহমেদ আর নেই



সাবেক আইনমন্ত্রী শফিক আহমেদ। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগ সরকারের সাবেক আইনমন্ত্রী ও সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী শফিক আহমেদ আর নেই। রবিবার বিকেলে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৯ বছর। তার ছেলে ব্যারিস্টার মাহবুব বিষয়টি নিশ্চিত করে জানান, দীর্ঘদিন ধরে নানা শারীরিক জটিলতায় ভুগছিলেন শফিক আহমেদ। অবস্থার অবনতি হলে শনিবার তাকে হাসপাতালে ভর্তি করা হয়। পরদিন বিকেল সাড়ে পাঁচটার দিকে তিনি ইন্তেকাল করেন।

শফিক আহমেদ ২০০৯ সালের জানুয়ারি থেকে ২০১৪ সালের জানুয়ারির মাঝামাঝি সময় পর্যন্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন। তিনি টেকনোক্রেডাট মন্ত্রী হিসেবে দায়িত্বে ছিলেন, অর্থাৎ সে সময় তিনি সংসদ সদস্য ছিলেন না। আইন অঙ্গনে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন এই প্রবীণ আইনজীবী সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি এবং বাংলাদেশ বার কাউন্সিলের ভাইস চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেছেন। তার মৃত্যুতে আইন অঙ্গনে শোকের ছায়া নেমে এসেছে।